

বন্ধ পাটকল খোলার দাবিতে পাট মন্ত্রণালয়ের সামনে বিক্ষোভ

বাম গণতান্ত্রিক জোট



বন্ধ সকল রাষ্ট্রীয় পাটকল চালু ও আধুনিকায়ন করার দাবিতে ২৭ সেপ্টেম্বর '২০ বাম গণতান্ত্রিক জোটের উদ্যোগে দেশব্যাপী বিক্ষোভ অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় কর্মসূচি হিসেবে সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ শেষে পাটমন্ত্রণালয়ের অভিমুখে বিক্ষোভ মিছিল অগ্রসর হলে নূর হোসেন স্কোয়ারে আব্দুল গণি রোডের মুখে পুলিশ বাঁধা দিলে সেখানে বিক্ষোভ সমাবেশের মাধ্যমে কর্মসূচি শেষ হয়। একই দাবিতে সারা দেশে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ অনুষ্ঠিত হয়।

বাম গণতান্ত্রিক জোটের কেন্দ্রীয় সমন্বয়ক ও বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড বজলুর রশীদ ফিরোজ সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন সিপিবি'র সহকারী সাধারণ সম্পাদক কমরেড সাজ্জাদ জহির চন্দন, গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী কমরেড জোনায়েদ সাকি, কমিউনিস্ট লীগের সম্পাদক কমরেড অধ্যাপক আব্দুস সাত্তার, গণতান্ত্রিক বিপ্লবী পার্টির সাধারণ সম্পাদক মোশররফা মিশু, বাসদ (মার্কসবাদী) কেন্দ্রীয় নেতা মানস নন্দী, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির পলিটবুরো সদস্য আকবর খান, সমাবেশ পরিচালনা করেন বাসদ নেতা খালেদুজ্জামান লিপন।

নেতৃবৃন্দ বলেন, ২৫টি পাটকলের ১০ হাজার তাঁতের মধ্যে অর্ধেকই অচল, ফলে অচল ও পুরানো যন্ত্রপাতি আধুনিকায়ন না করে পাটকল লাভজনক করা যাবে না। বাম জোট ও স্কপের পক্ষ থেকে হিসেব করে দেখানো হয়েছে ১ হাজার ২০০ কোটি টাকা খরচ করে আধুনিক তাঁত স্থাপন করলে উৎপাদন বাড়বে তিনগুণ, শ্রমিকদের গড়ে ২৫ হাজার টাকা বেতন দিয়েও পাটকল লাভজনক করা সম্ভব। কিন্তু সরকার সে পথে না গিয়ে দেশি-বিদেশি লুটেরাদের স্বার্থে কারখানা বন্ধ করে দিয়েছে।

বিক্ষোভ সমাবেশ থেকে বন্ধ সকল রাষ্ট্রীয় পাটকল অবিলম্বে চালু ও আধুনিকায়ন করা, শ্রমিকদের সকল বকেয়া পরিশোধ, লোকসানের জন্য দায়ী মন্ত্রণালয় ও বিজেএমসির কর্মকর্তাদের বিচার, সরকারি-বেসরকারি সকল পাটকলে জাতীয় ন্যূনতম মজুরি ঘোষণার দাবি জানান।